তারিখ 10 JUL 1986
পৃষ্ঠা ... 1 কলাম ৬

ইত্তেফাক

103

# নয়া মন্ত্রী পরিষদের শপথ গ্রহণঃ মিজান চৌধুরী প্রধানমন্ত্রী

(ইত্তেফাক রিপোর্ট)

গতকাল (বুধবার) বিকালে বঙ্গভবনে এক অনাড়ম্বর অনুষ্ঠানের মধ্য দিয়া ২৬ সদস্যবিশিষ্ট মন্ত্রী পরিষদ শপথ নিয়াছে। এই মন্ত্রিসভায় জনাব মিজানুর রহমান চৌধুরী প্রধানমন্ত্রী নিযুক্ত হইয়াছেন।

প্রেসিডেন্ট এরশাদ মন্ত্রীদের দায়িত্ব ও গোপনীয়তার শপথ বাক্য পাঠ করান। নবগঠিত মন্ত্রিসভায় তিনজন উপ-প্রধান মন্ত্রী, ৫ জন প্রতিমন্ত্রী ও ৪ জন উপমন্ত্রী রহিয়াছেন। উপ-প্রধান-মন্ত্রীদের মধ্যে আছেন ব্যারিষ্টার মওদুদ আহমদ, প্রফেসর এম, এ, মতিন ও কাজী জাফর আহমদ।

(১২শ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## দফতর বণ্টন

বাসস জানায়, প্রেসিডেন্ট হুসেইন মুহম্মদ এরশাদ গতকাল (বুধবার) নবগঠিত মন্ত্রী পরিষদের সদস্যদের নিম্নোক্ত মন্ত্রণালয়সমূহের দায়িত্ব অর্পণ করিয়াছেন: প্রধান মন্ত্রী জনাব মিজানুর রহমান চৌধুরী—ডাক ও টেলিযোগাযোগ; উপ প্রধান মন্ত্রী জনাব মওদুদ আহমদ—শিল্প; উপপ্রধান মন্ত্রী ডাঃ এম, এ মতিন—যোগাযোগ; উপ প্রধানমন্ত্রী কাজী জাফর আহমদ—বাণিজ্য; বিচার

(২য় পৃঃ দ্রঃ)

## মন্ত্রী পরিষদ

(১ম পৃঃ পর)

দুই উপ-প্রধান সামরিক আইন প্রশাসককে মন্ত্রী নিয়োগ করা হয় নাই।

নবনিযুক্ত মন্ত্রিগণ হইতেছেন জাষ্টিস এ, কে, এম, নূরুল ইসলাম, মেজর জেনারেল (অব) এম, শামসুল হক, মেজর জেনারেল (অব) মহব্বত জান চৌধুরী, মেজর জেনারেল (অব) এম, এ, মুনিম, মেজর জেনারেল (অব) মাহমুদুল হাসান, এয়ার ভাইস মার্শাল (অব) কে,এম, আমিনুল ইসলাম, আনোয়ার হোসেন, শাহ মোয়াজ্জেম হোসেন, এম,এ, সাত্তার, আনিসুল ইসলাম মাহমুদ, সিরাজুল হোসেন খান, রাবিয়া ভূঁইয়া, হুমায়ুন রশিদ চৌধুরী, সালাহ উদ্দিন কাদের চৌধুরী, এ, কে, এম, মাঈদুল ইসলাম, হাশেম উদ্দিন আহমদ, মীর্জা

(২য় পৃঃ দ্রঃ)

ইত্তেফাক

তারিখ 10 JUL 1986
পৃষ্ঠা ... 1 কলাম ৬

## মন্ত্রী পরিষদ

(১২শ পৃঃ পর)

রুহুল আমীন, মোমেন উদ্দিন আহমদ, মওলানা এম, এ, মান্নান, শফিকুল গনি স্বপন, সুনীলগুপ্ত এবং আনোয়ার জাহিদ।

প্রতিমন্ত্রিগণ হইতেছেন: জাফর ইমাম, মেসবাহউদ্দিন বাবলু, শেখ শহিদুল ইসলাম, মুজাফফর হোসেন, এম, এ, সাত্তার এবং বি, কে, দেওয়ান।

উপমন্ত্রিগণ হইতেছেন: জিয়াউদ্দিন আহমদ বাবলু, মমতা ওয়াহাব এবং এ, এফ, এম, ফখরুল ইসলাম মুনশী। শপথ অনুষ্ঠানে প্রতিমন্ত্রী লেঃ কর্ণেল (অবঃ) জাফর ইমাম অনুপস্থিত ছিলেন। অনুষ্ঠানে দুই উপ-প্রধান সামরিক আইন প্রশাসক, সংসদ সদস্যগণ, উর্ধ্বতন সামরিক-বেসামরিক কর্মকর্তা ও কূটনীতিকগণ উপস্থিত ছিলেন।

প্রেসিডেন্ট স্থগিত সংবিধানের সংশ্লিষ্ট ধারাগুলি পুনরুজ্জীবিত করিয়া মন্ত্রী পরিষদ নিয়োগ করেন। ইতিপূর্বে তিনি ১৯৮২ সালের ২৪শে মার্চের সামরিক আইন ঘোষণার অধীনে নিযুক্ত সাবেক মন্ত্রী পরিষদ বাতিল করেন। সংবিধানে মন্ত্রী পরিষদের মোট সদস্যের এক-পঞ্চমাংশ সংসদ সদস্য নহেন, এমন ব্যক্তিদের নিয়োগের ব্যবস্থা রহিয়াছে।

এদিকে প্রেসিডেন্টের উপদেষ্টা জনাব এম, সাইদুজ্জামান মন্ত্রীর পদমর্যাদায় অর্থ মন্ত্রণালয়ের মন্ত্রীর দায়িত্ব পালন করিবেন। সাবেক মন্ত্রী পরিষদের সদস্য জনাব জাকির খান চৌধুরী মন্ত্রীর পদমর্যাদায় প্রেসিডেন্টের মুক্তিযোদ্ধা বিষয়ক উপদেষ্টা থাকিবেন।

৪ জন সাবেক মন্ত্রী বর্তমান মন্ত্রী পরিষদে স্থান পান নাই। তাঁহারা হইতেছেন: জনাব শামসুল হুদা চৌধুরী, জনাব এম, কোরবান আলী, মেজর জেনারেল (অব) আবদুল মান্নান সিদ্দিকী ও জনাব জাকির খান চৌধুরী। জাতীয় পার্টি সূত্র জানায়, জনাব শামসুল হুদা চৌধুরী ও জনাব কোরবান আলী যথাক্রমে নয়া সংসদের স্পীকার ও ডেপুটি স্পীকার মনোনীত হইয়াছেন। জনাব জাকির খান চৌধুরী প্রেসিডেন্টের মুক্তিযোদ্ধা বিষয়ক উপদেষ্টা হিসাবে বহাল থাকিবেন। জনাব মান্নান সিদ্দিকী সম্পর্কে সঠিক কিছু জানা যায় নাই। সাবেক মন্ত্রী পরিষদের প্রতিমন্ত্রী জনাব মোস্তফা জামাল হায়দারকে হুইপ নিয়োগ করা হইয়াছে।

## দফতর বণ্টন

(১ম পৃঃ পর)

পতি জনাব এ, কে, এম নূরুল ইসলাম—আইন ও বিচার; মেজর জেনারেল (অব) এম, শামসুল হক—ত্রাণ ও পুনর্বাসন; মেজর জেনারেল (অব) মহব্বত জান চৌধুরী—খাদ্য; মেজর জেনারেল (অব) এম, এ, মুনিম পিএসসি—কৃষি; মেজর জেনারেল (অব) মাহমুদুল হাসান—স্বরাষ্ট্র; এয়ার ভাইস মার্শাল (অব) কে,এম আমিনুল ইসলাম—পূর্ত; শাহ মোয়াজ্জেম হোসেন—স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায়; জনাব এম, এ সাত্তার—শ্রম ও জনশক্তি; জনাব আনিসুল ইসলাম মাহমুদ-সেচ পানি উন্নয়ন ও বন্যা নিয়ন্ত্রণ; জনাব সিরাজুল হোসেন খান—মৎস্য ও পশু পালন; বেগম রাবিয়া ভূঁইয়া—সমাজ কল্যাণ ও মহিলা বিষয়ক; জনাব আনোয়ার হোসেন-জ্বালানি ও খনিজ সম্পদ; জনাব সালাহ উদ্দিন কাদের চৌধুরী—স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা; জনাব হুমায়ুন রশিদ চৌধুরী—পররাষ্ট্র; জনাব এ, কে, এম, মঈদুল ইসলাম—বন্দর, জাহাজ এবং আভ্যন্তরীণ নৌ পরিবহন; জনাব হাসেমুদ্দিন আহমদ—বস্ত্র; মীর্জা রুহুল আমিন—ভূমি প্রশাসন ও ভূমি সংস্কার; জনাব মোমিন উদ্দিন আহমদ—শিক্ষা; মওলানা এম, এ, মান্নান—ধর্ম; জনাব শফিকুল গনি স্বপন—বেসামরিক বিমান চলাচল ও পর্যটন, মিঃ সুনীল গুপ্ত—যুব ও ক্রীড়া এবং জনাব আনোয়ার জাহিদ—তথ্য।

প্রেসিডেন্ট প্রতিমন্ত্রীদের নিম্নোক্ত মন্ত্রণালয়গুলিতে নিয়োগ করিয়াছেন: জনাব জাফর ইমাম—পাট; জনাব মেসবাহ উদ্দিন বাবলু—শিল্প; শেখ শহীদুল ইসলাম—যুব ও ক্রীড়া; জনাব মোজাফফর হোসেন—কৃষি; জনাব এম, এ, সাত্তার—বানিজ্য এবং মিঃ বি, কে, দেওয়ান—স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায়।

প্রেসিডেন্ট উপমন্ত্রীদের নিম্নোক্ত মন্ত্রণালয়গুলিতে নিয়োগ করিয়াছেন: জনাব জিয়াউদ্দিন আহমেদ বাবলু—শিক্ষা; বেগম মমতা ওহাব—স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা এবং জনাব এ,এফ,এম, ফখরুল ইসলাম মুনশী—বন্দর, জাহাজ ও আভ্যন্তরীণ নৌ পরিবহন।

প্রেসিডেন্ট জনাব জাকির খান চৌধুরীকে মন্ত্রীর পদমর্যাদায় মুক্তিযোদ্ধা বিষয়ক উপদেষ্টা নিয়োগ করিয়াছেন।

মন্ত্রীর পদমর্যাদায় নিযুক্ত প্রেসিডেন্টের উপদেষ্টা জনাব এম, সাইদুজ্জামান অর্থ মন্ত্রণালয়ের মন্ত্রীর দায়িত্ব পালন অব্যাহত রাখিবেন।